



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১১৫১৬



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১১১১২১১/মুস্বীগঞ্জ -১৭/ /

তারিখঃ .০৭.২০১৯খ্রিঃ

বিষয় : চলমান কমিটির সভাপতি মনোনয়ন বাতিলকরণ প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩২০২/৭/মুস্বীগঞ্জ -১৭; তারিখ: ১৩/০২/২০১৯
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৩০.৫৯৪৪.০০২.০০.০৩৪.১৯-৩৬৩ (সং); তারিখ: ২৮/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মুস্বীগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও কমিটির সভাপতির বিরুদ্ধে গভার্ণিং বডি'র অভিভাবক সদস্য জনাব মো: ইকবাল হোসেন, জনাব মো: মুরাদ হোসেন, জনাব মো: আ: রহিম অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে অত্র মাদ্রাসার অধ্যক্ষ ও সভাপতির দুর্নীতি, স্বৈচ্ছাচারিতা, স্বজনপ্রীতি, দাতা সদস্যদের দেওয়া অর্থ আত্মসাৎ, মনগড়া ভাবে মাদ্রাসা পরিচালনা, নারী নিয়ে নানা অপকর্মসহ মাদ্রাসাটি পুঁজি করে নানা প্রকার ব্যবসা, নিজ নামে ব্যাংক লেনদেন, মাদ্রাসাকে হজ্জ এজেন্সির অফিস বানানোসহ নানা অনিয়মের বিষয়ে অভিযোগ করায় সূত্রোক্ত ০১(এক) নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুস্বীগঞ্জকে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০২(দুই) নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে দুর্নীতির বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে মতামত দেন।

বর্ণিত অবস্থায় সভাপতি জনাব মো: আবুল কালাম আজাদ এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হওয়ায় গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮ এর ১ উপবিধান (২) ধারা এর অধীনে এবং ১৭/০১/২০১৯ খ্রি: তারিখের বামাশিবো/প্রশা/৩২৮১৮১১১১২১১/১০৭৮৪/নথি নং-১৭ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়ন এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক
সভাপতি, গভার্ণিং বডি,
বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা।
ডাকঘর: বালিগাও, উপজেলা: লৌহজং, জেলা: মুস্বীগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১১১১২১১/মুস্বীগঞ্জ -১৭/

৩০.০৭/১৭

তারিখঃ.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, মুস্বীগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, মুস্বীগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুস্বীগঞ্জ।
৪. অধ্যক্ষ, বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, লৌহজং, মুস্বীগঞ্জ।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬৭৪৮৭৪